

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(সাধারণ শাখা)
www.pirojpur.gov.bd



পিরোজপুর জেলায় 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন জেলা প্রশাসক, পিরোজপুর
স্থান	ঃ শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ
তারিখ	ঃ ১৩/১০/২০২০ খ্রিঃ।
সময়	ঃ সকাল ১০:০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ	ঃ পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ সেপ্টেম্বর তারিখের ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০-৪৫৭ নং স্মারকের পত্রটি পাঠ করে শোনান। অতঃপর সভাপতি বলেন যে, মানবাধিকার সর্বজনীন। বঙ্গবন্ধু আজীবন মানবাধিকারের জন্য নিবেদিত ছিলেন। তনমূল হতে কেন্দ্র পর্যন্ত দেশব্যাপী মানবাধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং মানুষের অধিকার আদায়ে বঙ্গবন্ধুর অবদানকে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেয়া অত্যন্ত জরুরি। এ লক্ষ্যে 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শিরোনামে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের অনলাইন/সরাসরি 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা সফল আয়োজনের লক্ষ্যে সবার সহযোগিতা চান।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নিকট 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজনের বিষয়ে মতামত আহ্বান করলে নিম্নরূপে আলোচনাসমূহ ও সিদ্ধান্ত গৃহীত হয়।

- ০১) প্রতিযোগিতার গ্রুপ: 'ক' গ্রুপ-নবম ও দশম শ্রেণি (সর্বোচ্চ ৭০০ শব্দ) রচনা লিখবে;
'খ' গ্রুপ- একাদশ ও দ্বাদশ শ্রেণি (সর্বোচ্চ ১২০০ শব্দ) রচনা লিখবে;
- ০২) প্রতিযোগিতার তারিখ : রচনা জমা নেওয়ার শেষ তারিখ ১৯/১০/২০২০ খ্রি.।
- ০৩) প্রতিযোগীরা নিজস্ব ব্যবস্থাপনায় রচনা লিখবে।
- ০৪) উত্তরপত্রের উপরের অংশে প্রতিযোগীর নাম, বয়স, মোবাইল নম্বর, শ্রেণি, রোল নম্বর, প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে।
- ০৫) প্রতিযোগিতার মাধ্যম: অনলাইনে লিখিত রচনা জেলা প্রশাসক বরাবর pjushchy37@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে। অনলাইনে অংশগ্রহণ সম্ভব না হলে স্বহস্তে লিখিত রচনার হার্ড কপি স্ব স্ব বিদ্যালয়/প্রতিষ্ঠানে জমা দিতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ সংগৃহীত রচনাসমূহ উপজেলা নির্বাহী অফিসার বরাবর জমা দিবেন এবং প্রাপ্ত রচনাসমূহ উপজেলা নির্বাহী অফিসারগণ জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন।
- ০৬) শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যবেক্ষণে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে এবং লিখিত রচনা প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা প্রদান করবে। রচনার উপরের অংশে প্রতিযোগীর নাম, বয়স, মোবাইল নম্বর, শ্রেণি, রোল নম্বর, প্রতিষ্ঠানের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৭) চূড়ান্ত মূল্যায়ন শেষে আগামী ২২/১০/২০২০ তারিখে বাছাইকৃত রচনাসমূহ প্রেরণ করা হবে।

সিদ্ধান্তসমূহ:

ক্রমিক	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
১	সকল শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে ২টি রচনা পাঠাতে হবে মর্মে সংশ্লিষ্ট কলেজ/ বিদ্যালয়/মাদ্রাসা প্রধানকে ১৪/১০/২০২০ তারিখের মধ্যে নোটিশ পাঠাতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর
২	শিক্ষার্থীদের নিকট হতে ১৯.১০ ২০২০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসরগণ রচনা সংগ্রহ করবে (ই-মেইল/সরাসরি)।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পিরোজপুর
৩	আগামী ২০.১০.২০২০ তারিখে উপজেলা নির্বাহী অফিসরগণ প্রাপ্ত রচনাসমূহ জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৪	আগামী ২১.১০.২০২০ তারিখে জেলা বাছাই কমিটি উভয় গ্রুপের সেরা ১০টি রচনা বাছাই করবেন।	জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর
৫	আগামী ২২.১০.২০২০ তারিখে বাছাইকৃত রচনাসমূহ জাতীয় মানবাধিকার কমিশনে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)

জেলা প্রশাসক

পিরোজপুর

ফোন : ০৪৬১-৬২৪০০

ই-মেইলঃ dcpirojpur@mopa.gov.bd

নম্বর ০৫.১০.৭৯০০.০০৮.২৩.০২২.২০ - ১২৫২

তারিখঃ

২৮ আশ্বিন ১৪২৭
১৬ অক্টোবর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অধ্যক্ষ, সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর
- ২। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, পিরোজপুর
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পিরোজপুর
- ৪। জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর
- ৫। প্রধান শিক্ষক, সরকারি উচ্চ বিদ্যালয়/ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
- ৬। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, পিরোজপুর
- ৭। অধ্যক্ষ পিরোজপুর ফাজিল মাদ্রাসা, পিরোজপুর
- ৮। জনাব মুনীরুজ্জাম নাসিম আলী, সভাপতি, প্রেস ক্লাব, পিরোজপুর
- ৯। জনাব গৌতম নারায়ণ রায় চৌধুরী, জেলা প্রতিনিধি বাংলাদেশ সংবাদ সংস্থা, পিরোজপুর
- ১০। অফিস কপি



জেলা প্রশাসক

পিরোজপুর